**BARASAT COLLEGE**
**DEPARTMENT OF BENGALI**
**B.A Bengali (GEN) CBCS Syllabus**
**With effect from 2018-19**

**GENERAL COURES IN BENGALI**

**Course Name - Compulsory Modern Language Core (MIL) - 1**
**Course Code - BNGLCOR01T**
**Topic Name - ঊনিশ শতকের গদ্য, কাব্য-কবিতা**

**Course Outcome:**

- রেনেসাঁসের অনিবার্য পরিনতি বাংলায় সাংস্কৃতিক, সামাজিক ও বৌদ্ধিক বিপুল পরিবর্তন আনে। এই সময়ের সাহিত্য পাঠে ছাত্রছাত্রীরা তার স্বরূপ জানতে পারে।

- এই সময় বাংলা সাহিত্যে প্রথম গদ্যের আবির্ভাব ও ভাষার আধুনিকতার সুত্রপাত দেখতে পাওয়া যায়।

**Course Name - Compulsory Modern Language Core (MIL)-2**
**Course Code - BNGLCOR02T**
**Topic Name - বিশ শতকঃ নাটক ও কথা সাহিত্য**

**Course Outcome:**

- বিশ শতকের বাংলা নাটক ও কথা সাহিত্য সম্বন্ধে জ্ঞান লাভ।
- বাংলায় বিশ শতকের সামাজিক, সাংস্কৃতিক ও বৌদ্ধিক পরিবর্তনে বাংলা সাহিত্য ও ভাষার আধুনিকতার পরিচয় ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরা।
- এর মাধ্যমে ছাত্রছাত্রীরা নিজেদের ঐতিহ্যকে সম্মান করতে শেখে।

**Course Name : Generic Elective / Department Specific Core Course – 1**
**Course Code : BNGHGEC01T / BNGGCOR01T**
**Topic Name : বাংলা সাহিত্য এবং বাঙালির সংস্কৃতি চর্চার ইতিহাস**

**Course Outcome:**

- বৌদ্ধ ধর্ম, দর্শন এবং সংস্কৃতি চর্যাপদের মাধ্যমে বাংলা সাহিত্যে মিশেছে, বাংলা সাহিত্যকে প্রভাবিত করেছে। এর থেকে ছাত্রছাত্রীদের উভয় সংস্কৃতি সম্পর্কে ধারণা তৈরি হয়।

- আর্য-অনার্য সাহিত্য থেকে তৎকালীন সমাজের চিত্র, সেই সমাজ জীবনে ধর্মের প্রভাব কতটা ছিল এবং পরবর্তী মধ্য যুগে ও আধুনিক যুগের বাংলা সাহিত্যে সেই সমাজের বিবর্তিত রূপ কতটা বিস্তার লাভ করেছে তা জানা যায়।

- ছাত্রছাত্রীরা শিখবে বৈষ্ণবীয় দর্শন, ধর্ম, শাক্ত ধর্ম ও দর্শন বাংলা সাহিত্যকে কতটা প্রভাবিত করেছিল। তারা সচেতন হবে বৈষ্ণব পদাবলী ও শাক্ত পদাবলী সম্পর্কে।

- অষ্টাদশ ও উনবিংশ শতাব্দিতে কবিগান, টপ্পা, আখড়াই, প্রভৃতির উৎস এবং সমাজে তাদের প্রভাব পরবর্তী সাহিত্যকে কিভাবে সমৃদ্ধ করেছিল সেই জ্ঞান অর্জন করবে।

**Course Name : Generic Elective / Department Specific Core Course – 2**
**Course Code : BNGHGEC02T / BNGGCOR02T**
**Topic Name : বাংলা ভাষার ইতিহাস ও ভাষা তত্ত্ব.**

**Course Outcome:**

- প্রাচীন ভারতীয় আর্য ভাষা এবং প্রাচীন বাংলা ভাষার উৎস ও তাদের আধুনিক বাংলা ভাষায় বিবর্তনের ভাষাতাত্ত্বিক রূপ সম্পর্কে শিক্ষালাভ করে ছাত্রছাত্রীরা বাংলা ভাষার উৎসের ইতিহাস জানতে পারবে।
- বাংলা ভাষার উৎসের ইতিহাস জানার সাথে বাংলার পাঁচটি উপভাষা এবং সেই উপভাষা কোন কোন অঞ্চলে সীমাবদ্ধ, সেই অঞ্চলের মানুষের মুখের ভাষা জেনে ছাত্রছাত্রীদের আঞ্চলিক ভাষা বিষয়ে ধারণা তৈরি হয়।
- বাংলা ধ্বনি পরিবর্তন ও শব্দার্থ পরিবর্তনের ধারা, ভবিষ্যতে উচ্চশিক্ষায় ভাষা তত্ত্ব সম্পর্কিত জ্ঞানকে আরও সুদৃঢ় করবে।
- রোমান হরফে লিপ্যন্তরকরণ এবং আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার শেখার ফলে বিভিন্ন দেশের ভাষা জ্ঞান আয়ত্ত করতে সুবিধে হবে।

**Course Name : Generic Elective / Department Specific Core Course – 3**
**Course Code : BNGHGEC03T / BNGHGEC03T**
**Topic Name : জীবনী সাহিত্য.**

**Course Outcome:**

- জীবনী সাহিত্যের সংজ্ঞা, স্বরূপ ও শ্রেণি সংক্রান্ত ধারনা.- এই অধ্যায়ের মধ্যে দিয়ে জীবনী সাহিত্য বলতে কি বোঝায় তার উপাদান ও বিভিন্ন ভাগ সম্পর্কে যথাযথ ধরনা দেওয়া হয়।.
- ভগিনী নিবেদিতা র স্বামীজীকে যে রূপে - এই অনুদিত গ্রন্থ থেকে স্বামীজীর সঙ্গে নিবেদিতা র পরিচয় থেকে শুরু করে তার প্রতিটা শিক্ষা ও উপলব্ধির কথা প্রকাশ করা হয়েছে।
- শিবনাথ শাস্ত্রীর আত্মচরিত - এই প্রবন্ধ সংকলন এর মধ্যে দিয়ে শিবনাথ শাস্ত্রী র উপলব্ধি তথ্যনিষ্ঠা ও স্মৃতি শক্তির আসাধারন পরিচয় পাওয়া যায়।
- সত্যজিৎ রায়ের যখন ছোট ছিলাম - এই স্মৃতি কথা থেকে লেখকের শৈশব ও কৈশোরের নানা তথ্য ফুটে উঠেছে পাঠকের সামনে।

**Course Name : Generic Elective / Department Specific Core Course – 4**
**Course Code : BNGGCOR04T / BNGGCOR04T**
**Topic Name : বাংলা শিশু ও কিশোর পাঠ্য সাহিত্য.**

**Course Outcome:**

- বাংলা শিশু কিশোর সাহিত্য সম্পর্কে সম্যক ধারণা - এই অধ্যায়ের মধ্যে দিয়ে বাংলা শিশু সাহিত্য ও শিশু সাহিত্যিকদের সম্পর্কে আলোচনা করা হয়েছে যাতে পাঠকদের কাছে তার স্পষ্ট ধারণা তৈরি হয়.
- উপেন্দ্রকিশোর রায় চৌধুরী র টুনটুনির বই - এই গ্রন্থের মধ্যে দিয়ে রূপকের আড়ালে নানান নীতি শিক্ষা ও আদর্শের সম্পর্কে সচেতন করেছেন লেখক।.
- অবন ঠাকুরের রাজ কাহিনী - রূপকথা র মোড়কে হিন্দু রাজপুত রাজাদের বীরত্ব গাথা অনবদ্য বর্ননা সহ উপস্থাপন করেছেন লেখক। যার ফলে একদিকে যেমন ইতিহাস অন্যদিকে তেমনি গল্প রস পাঠকদের আকৃষ্ট করেছে।.
- লীলা মজুমদার এর পদীপিসির বর্মিবাক্স - মূলত ছোটদের গল্প হলেও এর মধ্যে দিয়ে লেখিকা এক রহস্য রোমাঞ্চকর পরিবেশের সৃষ্টি করেছেন। এবং একটি গহনার বাক্স হারানো ও খুজে পাওয়ার অনবদ্য কাহিনী পাঠকদের উপহার দিয়েছেন। যা পাঠককে একই সঙ্গে শিহরিত ও মুগ্ধ করে।

**Course Name : Department Specific Elective 1**
**Course Code : BNGGCDSE01T**
**Topic Name : বাংলা কল্পবিজ্ঞান ও গোয়েন্দা কাহিনি**

**Course Outcome:**

- শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের 'শজারুর কাঁটা' ও শীর্ষেন্দু মুখোপাধ্যায়ের 'সিঁড়ি ভেঙে ভেঙে' এই দুটি গোয়েন্দা কাহিনি। প্রেমেন্দ্র মিত্রের মঙ্গলগ্রহে ঘনাদা ও সত্যজিৎ রায়ের প্রফেসর শঙ্কু বাংলা কল্পবিজ্ঞানের গল্পমালা।

- খুনের ঘটনা কল্পনায় পুনর্নির্মাণ করে, চরিত্রের জিজ্ঞাসাবাদের মাধ্যমে; গোয়েন্দা কীভাবে খুনিদের ধরে, তা অত্যন্ত আকর্ষণীয় ভাবে পাঠক দরবারে তুলে ধরেন লেখক।

- কল্পনায় বিঞ্জানের নতুন নতুন আবিষ্কারকে রূপ দিয়েছেন সত্যজিৎ রায় শঙ্কু চরিত্রের রূপায়নে। আশ্চর্য সব আবিষ্কার করে শঙ্কু বিশ্বের দরবারে ভারতের নাম উজ্জ্বল করে।

- লেখকদের লেখার মুন্সিয়ানায় মুগ্ধ হবে ছাত্রছাত্রীরা, বুঁদ হয়ে যাবে লেখায়। তাদের মনের খোরাক জোগায় এ লেখা, এগিয়ে নিয়ে যাবে সৃষ্টিশীতলতার দিকে।

**Course Name - Department specific Elective 2**
**Course Code - BNGGDSE04T**
**Topic Name - বাংলা নাটক ও প্রহসন**

**Course Outcome:**

- সধবার একাদশী নাটকের মাধ্যমে ছাত্রছাত্রীদের আত্মসমালেচনার পাঠ দেওয়া ।
- 
- সিরাজদৌল্লা নাটকের মধ্যে দিয়ে ছাত্রছাত্রীদের ইতিহাস বোধ ও দেশপ্রেম জাগানো।
- চন্ডালিকা নাটকের মধ্যে দিয়ে বৌদ্ধ সংস্কৃতিকে জানা এবং মানুষকে জাত-পাতের ঊর্ধ্বে নিয়ে যাওয়া।
- পৌরাণিকতা স্বত্বেও এখানে পরাধীন ভারতের শৃঙ্খলিত জাতির মুক্তির আবেগ সঞ্চারিত হয়েছে।

**Course Name : Generic Elective Course 1**
**Course Code : BNGGGEC01T (GE- 1)**
**Topic Name : ভাষার ব্যবহারিক প্রয়োগ**

**Course Outcome:**

- প্রাতিষ্ঠানিক পত্রলিখন, সাক্ষাৎকার ও লেখার মধ্যে দিয়ে তাদের চাকরির আবেদন ও ইন্টারভিউ দিতে সাহায্য করা।

- ভাষার ব্যবহারিক প্রয়োগের মধ্যে দিয়ে সিলেবাসকে প্রয়োজনীয় করে তোলা।

**Course Name : Generic Elective Course 2**
**Course Code : BNGGGEC02T (GE- 2)**
**Topic Name : অনুবাদ চর্চা ও বাংলা লিখন**

**Course Outcome:**

- বাংলা পরিভাষার মধ্যে দিয়ে আধুনিক বাংলা ভাষার অর্থ শেখানো হয়। নানান ভাষার শব্দ এখন প্রত্যহ যুক্ত হচ্ছে আমাদের জীবনে বাংলা ভাষায়, তার পরিভাষা জানলে ছাত্রছাত্রীরা পিছিয়ে পড়বে না।

- অনুবাদ সাহিত্যের মাধ্যমে আন্তর্জাতিক ভাষা, সাহিত্য ও সভ্যতার সাথে পরিচয় জ্ঞান।

- বাংলায় প্রতিবেদনের মাধ্যমে বিষয় সম্বন্ধে সত্যজ্ঞান এবং পরবর্তীকালে সাংবাদিক হতে সাহায্য করা।

- সারসংক্ষেপ লেখার মধ্যে দিয়ে ছাত্রছাত্রীরা বহু বিষয়ের মধ্যে থেকে মূল বিষয়টি খুঁজে নিতে সক্ষম হয়।

**Course Name - Ability Enhancement Compulsory Course (AECC )**
**Course Code - BNGSAEC01M**
**Topic Name - বাংলা ভাষা উচ্চারণ ও সাধারণ ব্যবহারিক বানান চর্চা**

**Course Outcome:**

- এই পাঠ্যসূচীর মাধ্যমে বাংলা ভাষা পড়া ও লেখার দক্ষতা গড়ে ওঠে।
- প্রচুর বানান, ব্যকরণ অভ্যাস করানো হয় যা তাদের পরবর্তী কালে যে কোন কেরিয়ার গড়তে সাহায্য করে।

**BARASAT COLLEGE**
**DEPARTMENT OF BENGALI**
**B.A Bengali (Hons) CBCS Syllabus**
**With effect from 2018-19**

**BARASAT COLLEGE**
**B. A BENGALI (HONS) CBCS SYLLABUS**

**Programme Specific Outcomes**

*** বাংলা পাঠ্যসূচী ছাত্রছাত্রীদের চারিত্রিক, সাংস্কৃতিক ও ভাষাগত উন্নতির দিকে লক্ষ্য রেখে তৈরি করা হয়েছে ।**

*** বাংলা পাঠ্যসূচীর লক্ষ্য সাহিত্যে প্রাচীন, মধ্য ও আধুনিক যুগকে জানা এবং ছাত্রছাত্রীদের গবেষণামূলক কাজে উদ্‌বুদ্ধ করা।**

*** প্রতিবেশী সাহিত্য পাঠের মধ্যে দিয়ে তাদের ভাষা ও সাহিত্যকে জানা এবং এক সৌহার্দ্যমূলক সম্পর্ক গড়ে তোলা।**

**Course Name : Core Course-1**
**Course Code. : BNGACOR01T**
**Topic Name. : প্রাগাধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস**

**Course Outcome.**

- চর্যাপদের বৌদ্ধ সংস্কৃতি চর্চার যোগ সূত্র এবং শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে রাধা কৃষ্ণের প্রনয়লীলা কাহিনি এবং মধ্যযুগের সমাজচিত্রের পরিচয় পাওয়া যায়। যা থেকে ছাত্রছাত্রীদের বাংলাসাহিত্যে আদিযুগ ও মধ্যযুগের সাহিত্য সৃষ্টি ও সময়কাল সম্পর্কে ধারনা তৈরি হবে।

- মনসামঙ্গল, চণ্ডীমঙ্গল, ধর্ম মঙ্গল,,শিবায়ন, অন্নদামঙ্গল ও অন্যান্য অপ্রধান মঙ্গলকাব্য পাঠ, আর্য-অনার্য সাহিত্যের ও সংস্কৃতির যে মেলবন্ধন ঘটেছিল, সামাজিক, রাজনৈতিক, বিশেষত ধর্মীয় কারণে, তার একটা স্পষ্ট ধারনা গড়ে ওঠে।

- কোন সামাজিক প্রেক্ষাপট থেকে মধ্যযুগে অনুবাদ সাহিত্য সৃষ্টি হয়েছিল,রামায়ন মহাভারতের কবি ও তাঁদের কাব্য পরিচয় এবং অনুবাদ সাহিত্য আধুনিক সাহিত্যে কতটা প্রাসঙ্গিক, সে সম্পর্কে শিক্ষা দেয় অনুবাদ সাহিত্য।

- চৈতন্যদেবের আবির্ভাব মধ্যযুগে সমাজ ও সাহিত্যে নবজাগরণ এনেছিল,যার ফলে মধ্যযুগে উদ্ভব হল বৈষ্ণব পদাবলীর। শাক্ত পদাবলী, বৈষ্ণব পদাবলী শিক্ষা ক্ষেত্রে নিয়ে এল নতুন দিগন্ত।

**Course Name : Core Course 2**
**Course Code : BNGACOR02T**
**Topic Name : প্রাগাধুনিক বাংলা সাহিত্য পাঠ।**

**Course Outcome :**

- সিলেবাসে অন্তর্ভূক্ত ২০টি বিভিন্ন পর্যায়ের বৈষ্ণব পদ বিভিন্ন বৈষ্ণব কবিরা লিখেছেন যা বৈষ্ণব পদাবলী সম্পর্কে গভীর ধারনা গড়ে তোলে।

- শাক্ত ধর্মের রীতি, দর্শন এবং সাধনার কথা, শাক্ত কবিদের কৃতিত্ব সম্পর্কে শিক্ষালাভ করে ছাত্রছাত্রীদের ভিত আরও. সুদৃঢ় হবে।

- মঙ্গলকাব্যের মধ্যে অন্যতম হল মুকুন্দরামের চন্ডীমঙ্গল কাব্য। মুকুন্দরামের শিল্প কুশলতা, মধ্যযুগীয় সমাজ চিত্র স্পষ্ট ভাবে ফুটে ওঠে ছাত্রছাত্রীদের সামনে।

- চৈতন্যদেবের জীবন, তাঁর জীবন দর্শন, বৈষ্ণব ধর্মীয় তত্ত্বের শিক্ষালাভ করবে ছাত্রছাত্রীরা চৈতন্যভাগবত থেকে।

**Course Name : Core Course-3**
**Course Code : BNGACOR03T**
**Topic Name : ভাষাতত্ত্ব**

**Course Outcome :**

- প্রাচীন ভারতীয় আর্য ভাষা এবং প্রাচীন বাংলা ভাষার উৎস ও তাদের আধুনিক বাংলা ভাষায় বিবর্তনের ভাষাতাত্ত্বিক রূপ সম্পর্কে শিক্ষালাভ করে ছাত্রছাত্রীরা বাংলা ভাষার উৎসের ইতিহাস জানতে পারবে।

- বাংলা ভাষার উৎসের ইতিহাস জানার সাথে বাংলার পাঁচটি উপভাষা এবং সেই উপভাষা কোন কোন অঞ্চলে সীমাবদ্ধ , সেই অঞ্চলের মানুষের মুখের ভাষা জেনে ছাত্রছাত্রীদের আঞ্চলিক ভাষা বিষয়ে ধারণা তৈরি হয়।

- স্বরধ্বনি ও ব্যঞ্জন ধ্বনির বর্গীকরণ এবং উচ্চারণ স্থান সম্পর্কে শিক্ষালাভ করে ছাত্রছাত্রীরা স্বরধ্বনি ও ব্যঞ্জন ধ্বনি বিস্তৃত ভাবে জানতে পারে।

- বাংলা শব্দ ভান্ডার থেকে শেখা যায়, শব্দের বিবর্তন, পরিবর্তন, বিদেশি শব্দ কিভাবে বাংলা ভাষায় এসে মিশেছে, কোনটা মৌলিক শব্দ, তৎসম শব্দ এসব উচ্চ শিক্ষায় ছাত্রছাত্রীদের সহায়তা করবে।

**Course Name : Core Course – 4**
**Course Code : BNGACOR04T**
**Topic Name : আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস**

**Course Outcome:**

- ঊনবিংশ শতাব্দীতে বাংলা গদ্যের উদ্ভব ও বিংশ শতাব্দীতে সেই গদ্য প্রবন্ধের আধুনিকীকরণ ফোর্ট উইলিয়াম কলেজ থেকে প্রমথ চৌধুরীর গদ্য পর্যন্ত পড়ে জানা যায় গদ্যের বিবর্তন ও ইতিহাস।
- নাট্য সাহিত্যের উদ্ভব ও বিকাশ থেকে ছাত্রছাত্রীরা, রামনারায়ন তর্করত্নের সময়কাল থেকে নাটকের বিষয়বস্তু এবং বিংশ শতাব্দীতে সেই নাটকের রূপ, রীতি, আঙ্গিকের , বিষয়বস্তুর,ভাষার পরিবর্তন কতটা সময়োপযোগী হয়েছে , তা শিখতে পারে।
- কাব্য সাহিত্যের বিকাশ - ঈশ্বর গুপ্ত থেকে শক্তি চট্টপাধ্যায় পর্যন্ত বাংলা কবিতার মূল রূপ যেমন কবিতার ভাষা, কবিতায় বাস্তবতা, অতি আধুনিকতা, পরা বাস্তবতা সময়ের সাথে কি ভাবে এলো এবং কাব্যের বিকাশ সম্পর্কে শিক্ষালাভ করে ছাত্রছাত্রীদের জ্ঞান সমৃদ্ধ করবে।
- কথা সাহিত্যের উদ্ভব ও বিকাশ- বাংলা উপন্যাস ও ছোটগল্প প্রথম যথার্থ রূপলাভ করে বঙ্কিমচন্দ্র চট্টপাধ্যায়ের এবং রবীন্দ্রনাথের হাতে।তারপর সুনীল গঙ্গোপাধ্যাযের সময়কাল পর্যন্ত কথা সাহিত্যের রূপ,রীতির বিকাশ বাংলা সাহিত্যের মান বৃদ্ধি করে।

**Course Name : Core Course – 5**
**Course Code : BNGACOR05T**
**Topic Name : বাংলা ছন্দ - অলংকার :সংজ্ঞা, স্বরুপ ও নির্নয়।**

**Course Outcome:**

- বাংলা অলংকার শাস্ত্র বিষয়ক পাঠ দানের মধ্যে দিয়ে কাব্য কবিতা র শৈলী সম্পর্কে যেমন স্পষ্ট ধারণা তৈরি হয় তেমনি কথার নানা মাত্রা ও নানা রূপের প্রয়োগ কৌশল সম্পর্কেও দক্ষতা অর্জন করে ছাত্র ছাত্রীরা।.
- অলংকার নির্নয় পদ্ধতিতে অলংকার বিষয়ে সম্যক ধারণা তৈরি করা হয় এবং বাংলা কবিতায় অলংকারের বৈচিত্র্য পূর্ণ ব্যবহারের একটা স্বচ্ছন্দ প্রয়োগও শিখতে পারে।
- এই পর্যায়ে বাংলা ছন্দের নানা ধারা ও তাদের স্বরূপ বৈশিষ্ট্য সম্পর্কে জানানো হয় পাশাপাশি ছন্দের বিভিন্ন রূপবন্ধ সম্পর্কে ও ধারনা প্রদান করা হয়। এছাড়া ছন্দের বিভিন্ন উপাদানর পূর্ণাঙ্গ পরিচয় দেওয়া হয়েছে এখানে।.
- অলংকার নির্নয় পদ্ধতিতে অলংকার বিষয়ে সম্যক ধারণা তৈরি করা হয় এবং বাংলা কবিতায় অলংকারের বৈচিত্র্য পূর্ণ ব্যবহারের একটা স্বচ্ছন্দ প্রয়োগও শিখতে পারে।

**Course Name : Core Course – 6**
**Course Code : BNGACOR06T**
**Topic Name : বাংলা নাটক ও রঙ্গমঞ্চ**

**Course Outcome:**

- বাংলা রঙ্গমঞ্চের ইতিহাস প্রত্যক্ষ ভাবে রঙ্গালয়ের সুপ্রাচীন ইতিহাস থেকে আধুনিক বাংলা থিয়েটার এর বিবর্তনের দীর্ঘ তথ্য সম্পর্কে অবগত করায় এবং সাথে সাথে ঐ সকল রঙ্গালয়ের ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কেও জানান দেয়।.
- উক্ত নাটকের মধ্যে দিয়ে নাট্যকার মধুসূদন দত্তের অবদান যেমন স্পষ্ট হয়েছে তেমনই প্রথম সার্থক ঐতিহাসিক ট্রাজেডির স্বাদ গ্রহণ করতে পেরেছে বাঙালি পাঠক।.
- এই নাটকের মধ্যে দিয়ে যেমন নাট্যকার রবীন্দ্রনাথ এর প্রতিভার পরিচয় পাওয়া যায় তেমন বাংলা রূপক সাংকেতিক নাটকের একটি ধারণা পাওয়া যায়।
- উক্ত নাটকের মধ্যে দিয়ে বাংলা গননাট্য ও নবনাট্যের ইতিহাস ও প্রথম সার্থক গননাট্য প্রযোজনা সম্পর্কে একটা পূর্ণাঙ্গ ধারনা দেওয়া হয়েছে।

**Course Name : Core Course – 7**
**Course Code : BNGACOR07T**
**Topic Name : বাংলা গদ্য ও প্রবন্ধ.**

**Course Outcome:**

- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় : সাম্য. আলোচ্য প্রবন্ধ গুলির মধ্যে দিয়ে বঙ্কিমচন্দ্রের সমাজ তাত্ত্বিক ভাবনার এক নিবিড় পরিচয় ফুটে উঠেছে পাঠকের সামনে।
- রবীন্দ্রনাথ ঠাকুর : বিশ্বপরিচয়.এই প্রবন্ধ সংকলন এর মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ এর বিজ্ঞান চেতনা ও বিশ্বচেতনার ধারনা যেমন স্পষ্ট হয় তেমনি রবীন্দ্রনাথ এর বিজ্ঞান বিষয়ক রচনা সম্পর্কে ও পূর্ন পরিচয় পাওয়া যাবে।.
- প্রমথ চৌধুরীর প্রবন্ধ সংগ্রহ : উক্ত প্রবন্ধের মধ্যে দিয়ে প্রাবন্ধিক প্রমথ চৌধুরীর মৌলিক চিন্তা ও লেখনী সম্পর্কে আলোচনা করা হয়েছে।.
- অবনীন্দ্রনাথ ঠাকুরের আপন কথা. স্মৃতি মূলক এই রচনার মধ্যে দিয়ে অবন ঠাকুরের গদ্য শৈলী ও স্মৃতিচারণার এক অনবদ্য মিশেল পাঠকের কাছে তুলে ধরা হয়েছে।

**Course Name : Core Course – 8**
**Course Code : BNGACOR08T**
**Topic Name : বাংলা কাব্য ও কবিতা.**

**Course Outcome:**

- মেঘনাদ বধ কাব্য.এই কাব্য পাঠের মধ্যে দিয়ে একাধারে সাহিত্যিক মহাকাব্য সম্পর্কে ধারণা ও মধু কবির কাব্য সম্পর্কে আলোচনা করা হয়েছে। রামায়ণ এর নবরূপায়ন এবং অমিত্রাক্ষর ছন্দের পরিচয় প্রদান করা হয়েছে এখানে।
- রবীন্দ্রনাথের নানা পর্বের কবিতা র আলোচনার মধ্যে দিয়ে কবির বিভিন্ন চেতনা ও নির্মাণ শৈলী সম্পর্কে যেমন স্পষ্ট ধারণা তৈরি হয় তেমনি পৃথক ভাবে সঞ্চয়িতা প্রকাশের তাৎপর্য ও উঠে আসে।.
- জীবনানন্দের শ্রেষ্ঠ কবিতা.আধুনিক বাংলা কবিতা র ধারায় জীবনানন্দের কৃতিত্ব এবং তাঁর কাব্য ভাবনার নানা মাত্রা আলোচনা করা হয়েছে এখানে। যার মধ্যে দিয়ে পাঠক কবির সঙ্গে সম্পৃক্ত হতে পারে।

**Course Name : Core Course – 9**
**Course Code : BNGACOR09T**
**Topic Name : রবীন্দ্র সাহিত্য.**

**Course Outcome:**

- উপন্যাস ঘরে বাইরে উপন্যাসের মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ এর রাজনৈতিক চেতনা যেমন ফুটে উঠেছে তেমনি রবীন্দ্রনাথের অভিনব আঙ্গিক প্রয়োগ ও চর্চিত হয়েছে এই পর্বে। তাছাড়া চলিত ভাষার এই ব্যবহার ও চমকিত করেছে কবির পাঠকদের।.
- প্রাচীন সাহিত্যের নব নির্মাণ ঘটিয়েছেন রবীন্দ্রনাথ এই পর্বে। তাই এই গ্রন্থের সার্বিক আলোচনায় আমরা খুঁজে পাই অতীতচারী রবীন্দ্রনাথ কে যিনি ইতিহাস এর ধূসর জগৎ থেকে ঘুরে এসেছেন আধুনিক ভারতীয় সভ্যতায়।.
- আত্মজীবনী ছেলেবেলা প্রবীণ রবীন্দ্রনাথ এর দৃষ্টিতে আপন শৈশবের স্মৃতি চারণ ই এই গ্রন্থের প্রধান প্রতিপাদ্য। যেখানে বালক রবীন্দ্রনাথ এর হয়ে ওঠার এক ধারাবাহিক ইতিহাস পেয়ে যায় পাঠক।.
- রাশিয়ার চিঠি রবীন্দ্রনাথের ভ্রমণ বৃত্তান্তের এ এক অভিনব নজির। যেখানে রবীন্দ্রনাথ এর রাজনৈতিক ভাবনা ও বিশ্ব চেতনার সাথে পরিচিত হতে পারে পাঠক।

**Course Name : Core Course – 10**
**Course Code : BNGACOR10T**
**Topic Name : সাহিত্যের রূপরীতি ও ভারতীয় সাহিত্য তত্ত্ব.**

**Course Outcome:**

- বাংলা কাব্য ও নাটকের রূপভেদ সংক্রান্ত ধারনা - এই পর্যায়ে কাব্য ও নাটকের বিভিন্ন রূপ বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করা হয়েছে। যার মধ্যে দিয়ে ভিন্ন ভিন্ন রূপ ও বিকাশ সম্পর্কে জানতে পারবে শিক্ষার্থীরা।.

- বাংলা প্রবন্ধ নিবন্ধ এবং কথা সাহিত্যের রূপভেদ - বাংলা প্রবন্ধ ও উপন্যাস ছোট গল্পের বিভিন্ন রূপের প্রয়োগ কৌশল সম্পর্কে আলোচনা করা হয়েছে এখানে। যার ফলে প্রবন্ধ সাহিত্য ও কথা সাহিত্যের বিভিন্ন বিভাগ সম্পর্কে স্পষ্ট ধারণা তৈরি হয়েছে।.

- কাব্য জিজ্ঞাসা - ভারতীয় অলংকার শাস্ত্র বিষয়ক পাঠ দানের মধ্যে দিয়ে সাহিত্যের নানান রীতি ও প্রকরণ সম্পর্কে যেমন স্পষ্ট ধারণা তৈরি হয় তেমনি আবার ঐ সমস্ত অলংকার বাদের প্রয়োগ কৌশল সম্পর্কেও দক্ষতা অর্জন করে ছাত্র ছাত্রীরা ।.

- সাহিত্য - আলোচ্য গ্রন্থের প্রবন্ধ থেকে আমরা যেমন সাহিত্য তত্ত্বের জ্ঞান অর্জন করি তেমনই সেই সাহিত্যের প্রকৃত মূল্যায়নের জন্য রবীন্দ্রনাথ এর বিশ্লেষণ ও উপভোগ করতে পারে ছাত্র ছাত্রীরা।

**Course Name : Core Course – 11**
**Course Code : BNGACOR11T**
**Topic Name : বাংলা উপন্যাস**

**Course Outcome:**

- বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়: রাজসিংহ - ঐতিহাসিক উপন্যাসের ভিত্তিভূমি, কীভাবে ঐতিহাসিক উপন্যাস গড়ে ওঠে,তা দেখা।উপন্যাসের মধ্যে দিয়ে মুঘল ও রাজপুত ঐশ্বর্য, বীরত্ব সম্পর্কে ইতিহাসের চোখ দিয়ে দেখা।

- শরৎচন্দ্র চট্টোপাধ্যায়: পথের দাবী - সমাজ জীবনের ছবি প্রত্যক্ষ করার মাঝে দেশের স্বাধীনতার জন্যে বিপ্লবীদের আত্মবলিদান, জীবন উৎসর্গ করার দৃঢ় মনোবল প্রত্যক্ষ করা।

- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়:গনদেবতা - অতি সাধারণ মানুষের জীবনালেখ্য- তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের চোখে কীভাবে ধরা পড়েছে, তা জানা যায় এই উপন্যাস পাঠে।

- মানিক বন্দ্যোপাধ্যায়: পদ্মা নদীর মাঝি -পদ্মা পারের মানুষের জীবনের চালচিত্র নিপুণ হাতে এঁকেছেন মানিক বন্দ্যোপাধ্যায়। হাসি-কান্না প্রেম বিরাগের মধ্যে দিয়েই যে জীবন চলমান- এ উপন্যাস পাঠে তা সুনিপুণ ভালো ভাবে জানা যায়।

**Course Name : Core Course – 12**
**Course Code : BNGACOR12T**
**Topic Name : বাংলা ছোটগল্প**

**Course Outcome:**

- সংক্ষিপ্ত পরিসরে জীবনের ঘনঘটার পূর্ণাঙ্গ চিত্রের।

- ছাত্র-ছাত্রীরা জানবে স্বাধীনতার পূর্ববর্তী সময়ের ও পরবর্তী সময়ের কথা।

- ত্রৈলোক্যনাথ থেকে রবীন্দ্রনাথ হয়ে স্বপ্নময় চক্রবর্তীর ছোটগল্প পড়ার মধ্যে দিয়ে সাহিত্যের বিস্তার চোখে পড়বে ছাত্র-ছাত্রীদের।

**Course Name : Core Course – 13**
**Course Code : BNGACOR13T**
**Topic Name : সাহিত্যের ইতিহাস (সংস্কৃত, ইংরাজী, হিন্দি, অসমীয়া).**

**Course Outcome:**

- সংস্কৃত সাহিত্যের ইতিহাসের মধ্যে দিয়ে ছাত্রছাত্রীরা সংস্কৃত ভাষা সাহিত্যের উন্নতির কথা জানতে পারে এবং তা কিভাবে বাংলা ভাষাকে প্রভাবিত করেছে সে বিষয়েও অবহিত হয়।

- ইংরাজি সাহিত্যের ইতিহাস পাঠের মধ্যে দিয়ে নানা সাংস্কৃতিক যুগকে জানা এবং বাংলা সাহিত্যে তার প্রভাব ছাত্রদের সামনে উন্মুক্ত হয়।

- হিন্দি সাহিত্যের ইতিহাসের মাধ্যমে প্রখ্যাত সাহিত্যিক প্রেমচাঁদ মুন্সী, ফণীশ্বর নাথ রেণু, মহাদেবী বর্মা, নিরালা এঁদের লেখনী ও সমাজ ও মানুষ সম্বন্ধে তাঁদের দৃষ্টিভঙ্গি ছাত্রদের সামনে তুলে ধরা হয়।

- অসমীয়া সাহিত্যের ইতিহাসের মধ্যে দিয়ে ছাত্র ছাত্রীদের পূর্বাঞ্চল এবং প্রতিবেশী রাজ্যের সংস্কৃতির সাথে আমাদের আন্তরিক হতে সাহায্য করা।

**Course Name : Core Course – 14**
**Course Code : BNGACOR14T**
**Topic Name : ভ্রমণ সাহিত্য.**

**Course Outcome:**

- ছাত্রছাত্রীদের বাংলা সাহিত্যের বিভিন্ন যুগের ভ্রমণ কথা যারা লিখেছেন তাঁদের সম্পর্কে জানা।

- এই পেপারটির মধ্যে দিয়ে নানা যুগের লেখা ভ্রমণকারীদের বইয়ের আন্তরিক পাঠ।

- ভ্রমণকারীদের লেখার এবং তাঁদের নানা দেশ ঘুরে বেড়ানোর স্মৃতি এবং কৃষ্ণকামিনীদেবী, রবীন্দ্রনাথ ঠাকুর, নবনীতা দেবসেন, সৈয়দ মুজতবা আলি-এর লেখার মধ্যে নারী পুরুষের ভিন্ন দৃষ্টিভঙ্গির সম্মুখীন হই।

- ভাষাগত সৌন্দর্য ছাড়াও ছাত্রছাত্রীরা দূরাগত নানান জায়গার জীবনযাপন, খাদ্যাভ্যাস, ভাষা, সংস্কৃতি সম্পর্কে জ্ঞান লাভ করে।

**Course Name: Discipline Specific Elective 1**
**Course Code:BNGADSE01T**
**Topic Name: মধ্যযুগের সাহিত্য পাঠ.**

**Course Outcome:**

- মধ্যযুগের অন্যতম সম্পদ এই মঙ্গলকাব্য।তাই মঙ্গলকাব্য পাঠের মধ্য দিয়েই ছাত্রছাত্রীরা যুগমানসকে চিনবে।

- মধ্যযুগের মানুষের বিশ্বাস, রীতিনীতি, আচার ব্যবহার, সংস্কৃতি সম্পর্কে জানতে পারা যায়।

- মঙ্গলকাব্য গড়ে ওঠার কারণ, নামকরণ- সম্পর্কে সম্যক ধারণা জন্মায়।

- 'কৃত্তিবাসী রামায়ণ' অনুদিত কাব্য হলেও কবি কৃতিত্বের অধিকারী এ সাহিত্য কীভাবে-তাও ধরা পড়ে।

**Course Name: Discipline Specific Elective 2**
**Course Code:BNGADSE02T**
**Topic Name: বাংলা গদ্য ও প্রবন্ধ পাঠ.**

**Course Outcome:**

- ঊনিশ ও বিশ শতকের সমালোচনা মূলক প্রবন্ধ সাহিত্যের এক অন্যতম ভিত্তি প্রস্তর।
- এর মধ্যে একদিকে বুদ্ধদেব বসু'র, স্বামী বিবেকানন্দে'র বিষয় ভিত্তিক আলোচনা যেমন আছে, তেমন বঙ্কিমচন্দ্র, রবীন্দ্রনাথের খানিক বঙ্কিম দৃষ্টি নিয়ে সমাজকে দেখার দৃষ্টিকোনও চোখে পড়ে, যার মাধ্যমে ছাত্রছাত্রীরা লেখক মানস চিনতে শিখবে।

**Course Name: Discipline Specific Elective 3**
**Course Code:BNGADSE04T**
**Topic Name: বাংলা নাটক ও নাট্যভাবনা.**

**Course Outcome:**

- শম্ভু নাট্যভাবনার মধ্যে দিয়ে বাংলা থিয়েটারের প্রসঙ্গ ও বাংলা মঞ্চ ও বিবর্তনের জ্ঞান।
- দ্বিজেন্দ্রলাল রায়- এর 'চন্দ্রগুপ্ত' নাটকের মধ্যে দিয়ে ঐতিহাসিক নাটক ও চরিত্রের উপস্থাপনা ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরে।
- উৎপল দত্তের 'ফেরারী ফৌজ' ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরে - নাটক মানে সংগ্রাম, নাটক সংগ্রামের হাতিয়ার।
- রুদ্রপ্রসাদ চক্রবর্তীর ' ফুল্লকেতুর পালা' নাটকের পুরানো চরিত্রের নবরূপায়ণ ছাত্রছাত্রীদের নতুনভাবে ভাবতে শেখায়।

**Course Name: Discipline Specific Elective 4**
**Course Code:BNGADSE05T**
**Topic Name: বাংলা কথাসাহিত্য:মন্বন্তর, দাঙ্গা ও দেশভাগ**

**Course Outcome:**

- বাংলা সাহিত্যে মন্বন্তর, দাঙ্গা, দেশভাগের ইতিহাস পাঠের মধ্যে দিয়ে তেতাল্লিশের মন্বন্তরের মর্মান্তিক রূপ ধরা পড়ে। দুর্ভিক্ষের মধ্যে মানুষের বেঁচে থাকার লড়াইয়ের কাহিনী ছাত্রছাত্রীদের সামনে তুলে ধরা হয়।
- হাসান আজিজুল হকের আগুনপাখি উপন্যাসটি ভারত বিভাগের পটভূমিতে রচিত। দেশভাগের মধ্যে দিয়ে একটি পরিবারের উত্থান পতনের চিত্র ছাত্রছাত্রীদের সামনে উঠে আসে।
- বাংলা ছোটগল্পে মন্বন্তর, দাঙ্গা ও দেশভাগের কাহিনী নানা লেখক নানা পরিপ্রেক্ষিতে তুলে ধরেছেন যা ছাত্রদের সামনে এক বিস্তৃত পটভূমি তুলে ধরে।

**Course  Name- Skill Enhancement Course**
**Course Code - BNGSSECO1M**
**Topic Name – চলচ্চিত্র**

**Course Outcome:**

- ছাত্রছাত্রীদের চিত্রনাট্য রচনা করতে শেখানো হয়।
- সাহিত্য ও চলচ্চিত্রের সম্পর্ক সম্বন্ধে অবগত করা হয়।
- ছাত্রছাত্রীরা এর মাধ্যমে পরবর্তীকালে নিজেদের চিত্রনাট্য রচয়িতা বা চলচ্চিত্রের পরিচালক হিসেবে তাদের কেরিয়ার গড়ে তুলতে পারে।

**Coarse name- Skill Enhancement Coarse**
**Coarse code: BAGASSECO2M**
**Topic Name- মুদ্রণ শিল্প ও প্রকাশনা.**

**Course Outcome:**

- প্রুফ রিডিং- এর মধ্যে দিয়ে ছাত্রছাত্রীদের কিভাবে বই প্রকাশ করতে হয়, মুদ্রণ ও প্রকাশনা সম্বন্ধে তাদের জ্ঞান পরবর্তীকালে তাদের কেরিয়ার গঠনের পথ হয়ে ওঠে।
- কিভাবে Microsoft Office, Power point, Presentation, টাইপ, লে- আউট প্রভৃতির মধ্যে দিয়ে কিভাবে বাংলা বই প্রকাশ করা যায় তা শেখানো হয়।
- এছাড়া এর মধ্যে দিয়ে ছাত্রছাত্রীদের ভাষা, বাংলা ব্যাকরণ সম্বন্ধে জ্ঞান হয়।
- ছাত্রছাত্রীদের প্রকাশনা, সাংবাদিকতা সম্বন্ধে একটা সাধারণ জ্ঞান হয় যা দিয়ে তারা নিজেদের ভবিষ্যৎ গড়ে তুলতে পারে।